বেঙ্গলী হেরিটেজের দুর্গোৎসব অনুষ্ঠিত ▶পৃ..৬

লস এঞ্জেলেস সফরে বাংলাদেশের ক্রীড়া প্রশিক্ষক দলের প্রতি বাংলা পাঠশালা অব লস এঞ্জেলেসের সাদর অভ্যর্থনা ▶পৃ..৬

বাফলা'র প্রেসিডেন্ট ডঃ মাহাবুব খান ▶পৃ..৮

মামুন দম্পতির ১১১ কোটি টাকার অবৈধ সম্পদ : দুদকের চার্জশিট লন্ডন ও সিঙ্গাপুরের ব্যাংকে ২৬ কোটি ৩২ লাখ টাকার সন্ধান

হলিউডের বাংলা পত্রিকা

21 একুশ

www.ekush.info

Ekush (Bengali Community Newspaper) Hollywood, California, USA
Volume 02, Issue 12, October 25, 2007
২৫ অক্টোবর ২০০৭ বৃহস্পতিবার ▲ ১২ শাওয়াল ১৪২৮ ▲ ১০ কার্তিক ১৪১৪

বালা'র উজ্জীবনের শুরুতেই অশনি সংকেত। গোপন ষড়যন্ত্রের পদধ্বনি।

নির্বাচনী কমিশন প্রক্রিয়ায় অস্বচ্ছ কার্যক্রম:

একুশ ডেস্ক

মিডিয়া কর্তৃক উত্থাপিত বালা উজ্জীবনীর শুরুতেই অতীতের মতো কতিপয় ব্যক্তিদের গোপন চক্রান্তের অভিযোগ লস এঞ্জেলেসে ছড়িয়ে পড়েছে। সকলেই জানেন যে, বালা'র উজ্জীবন একটা গণতান্ত্রিক ও স্বচ্ছ প্রক্রিয়ার মাধ্যমে শুরু হয়েছিল। টাউন হল মিটিং কর্তৃক কয়েক দফায় প্রতিনিধিত্বমূলক কমিটি প্রণয়নের মাধ্যমে এগারো (১১) বছর মুখ থুবড়ে পড়ে থাকা নির্বাচন কমিশনকে উজ্জীবিত করার প্রচেষ্টা চলে। জনসাধারণের ঐকান্তিক প্রচেষ্টা ও উৎসাহে বালা প্রভাত অলোর মুখ দেখেছিলো। জনতা বলছে কমিউনিটিকে ভালোবাসার তাগিদে যদি কেউ নিজেকে নিয়োজিত করতে না পারেন, তবে তিনি যেই হোন না কেনো সরে দাঁড়াতে পারেন এবং সত্যিকার নিষ্ঠাবান ব্যক্তি নতুন প্রজন্মের আলোর পথ উন্মুক্ত করতে এগিয়ে আসতে পারেন। চীফ নির্বাচন কমিশনার বিডি খান ১১ বছরেও নির্বাচন করেনি কোন অদৃশ্য ইঙ্গিতে। তিনি অতীতের টাউন হল প্রক্রিয়াকে গুরুত্ব না দিয়েই কতিপয় ব্যক্তিবর্গের প্ররোচনায় একটি এডভাইসরি কাউন্সিল গঠন করেন। ▶পৃ..৮

সংবাদ মাধ্যম একটি স্বচ্ছ ও নিরপেক্ষ নির্বাচনকে সামনে রেখে বিতর্কিতহীন একটি কার্যকরী পরিষদ নির্মাণের পক্ষে কাজ করেছে এবং আগামীতেও করবে।

সম্পর্কিত খবর:

▣ বালা'র নির্বাচন কমিশন নিয়ে কথা ....পৃ ৮

▣ বালা কি বাচ্চু-ইশতিয়াকের নাকি জনসাধারণের ? ..... পৃ ৮

▣ বালা'র ভোট সংগ্রহে প্রবাসীর প্রত্যাশা ..... পৃ ৮

এনটিভি ইসলামী অনুষ্ঠানের পরিচালক
মাওলানা আবুল কালাম আযাদের লস এঞ্জেলেস সফর

মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা (মুনা) সাউদার্ণ ক্যালিফোর্ণিয়া চ্যাপ্টার আয়োজন''আপনার জিজ্ঞাসা'' প্রশ্নোত্তরের অনুষ্ঠানে মাওলানা আবুল কালাম আযাদের সঙ্গে স্থানীয় আয়োজকবৃন্দ। ছবি-একুশ

গত ২০ অক্টোবর, শনিবার, ২০০৭ স্থানীয় বাংলাদেশ সেন্টারে এনটিভি ইসলামী অনুষ্ঠানের পরিচালক বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ মাওলানা আবুল কালাম আযাদের উপস্থিতিতে এনটিভি-র অত্যন্ত জনপ্রিয় প্রশ্নোত্তরের অনুষ্ঠান ''আপনার জিজ্ঞাসা'' হুবহু একই কায়দায় অনুষ্ঠিত হয়। মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা (মুনা) সাউদার্ণ ক্যালিফোর্ণিয়া চ্যাপ্টার এই অনুষ্ঠানের আয়োজন করে। চ্যাপ্টার সংগঠনের সভাপতি অধ্যাপক আলী আকবরের সভাপতিত্বে ও সেক্রেটারী মুহঃ আনিসুর রহমানের পরিচালনায় উক্ত ''আপনার জিজ্ঞাসা'' প্রশ্নোত্তরের অনুষ্ঠানে প্রায় চার শতাধিক শ্রোতা উপস্থিত থেকে সরাসরি প্রশ্নোত্তর শুনেন। বিকাল ৫টা থেকে ৯টা পর্যন্ত এই অনুষ্ঠান চলার কথা থাকলেও জনগণের অনুরোধে তা প্রায় রাত সাড়ে দশটা পর্যন্ত চলে। এই অনুষ্ঠানের শুরুতে কোরআণ তেলাওয়াত করেন চ্যাপ্টার সংগঠনের বায়তুলমাল সম্পাদক জনাব মাওলানা আব্দুল মুকিত আযাদ। এরপর উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে স্বাগত বক্তব্য রাখেন ওয়েস্টার্ণ জোন সভাপতি জনাব ময়েজউদ্দীন। এরপর ''আপনার জিজ্ঞাসা'' প্রশ্নোত্তর পর্ব শুরু হয়। শুরুতে যথারীতি ''আল্লাহ আমার রব, এই রবই আমার সব'' এই ইসলামী গানটি পরিবেশন করেন অনুষ্ঠান উপস্থাপক আনিসুর রহমান। প্রশ্নোত্তর পর্ব উপস্থিত দর্শকশ্রোতাদের লিখিত প্রশ্নে, পবিত্রতা, নামাজ, রোজা, হজ্ব, জাকাত, হারাম, হালাল, পরিবার, সমাজ, সংগঠন ইত্যাদি বিভিন্ন বিষয় স্থান পায়। সবশেষে ধন্যবাদ বক্তব্য রাখেন সভাপতি অধ্যাপক আলী আকবর।

এই অনুষ্ঠান ছাড়াও তিনি CAIR (Council on American Islamic Relations) এর এক্সিকিউটিভ ডিরেক্টর Br. Aussam Ayloush এবং বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ডঃ মোজাম্মেল সিদ্দিকীর সাথে সাক্ষাৎ করেন। এ ছাড়াও গার্ডেন গ্রোভ মসজিদে জুম্মার নামাজে তিনি বক্তব্য রাখেন। এই সমস্ত কর্মসূচী বাস্তবায়নে যারা অক্লান্ত পরিশ্রম করেন, তারা হচ্ছেন আশরাফ হোসেন, আব্দুল মুকিত আযাদ, আউলাদ হোসাইন, গোলাম সারোয়ার, শাহ নজরুল, আব্দুল মান্নান, তুহিন, ইকবাল, ফজলুল হক, জিল্লু, আশিকুল ইসলাম, গোলাম মোস্তফা জিয়া, আফতাব উদ্দীন আহমদ, রানা সিকান্দার, মিজান শাহীন ও আহমেদ কবীর প্রমুখ। ▶পৃ..৭

লস এঞ্জেলেস প্রবাসী মুক্তিযোদ্ধা মনিরুল আলম আর নেই

নিজস্ব প্রতিনিধি

বাংলাদেশের মুক্তিযোদ্ধা প্রবাসী মনিরুল আলম (৭০) ব্রেন ক্যান্সারে আক্রান্ত হয়ে গত ৯ অক্টোবর, ২০০৭, মঙ্গলবার ভোর ৪:২০ মিনিটে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহে ওয়া ইন্নালিল্লাহে রাজিউন)। তিনি বেশ কিছুদিন (প্রায় দু'মাস যাবত) ধরে হাসপাতালে অবস্থান করছিলেন। মৃত্যুর সপ্তাহ দুই আগে তিনি কোমাতে চলে যান এবং লাইফ সাপোর্টে ছিলেন। ডাক্তারের সর্বশেষ আশা ব্যর্থ হলে তাদের পরামর্শে লাইফ সাপোর্ট খুলে নেওয়া হলে ৯ অক্টোবর ভোর ৪:২০ মিনিটে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

মুক্তিযোদ্ধা মরহুম মনিরুল আলম বাংলাদেশের ডাইরেক্টর অব টেকনিক্যাল এডুকেশনের এসোসিয়েট ডিরেক্টর ছিলেন। মুক্তিযুদ্ধের সময় তিনি মুন্সীগঞ্জের বিক্রমপুর সেক্টরে স্বাধীনতার যুদ্ধে অংশগ্রহণ করেন। তিনি একজন সরাসরি সৈনিক ছিলেন বলে প্রকাশ। মৃত্যুকালে তিনি স্ত্রী ও তিন কন্যা রেখে গেছেন। স্ত্রী ও দুই কন্যা লস এঞ্জেলেসে বসবাস করেন এবং একটি কন্যা বাংলাদেশে রয়েছে। মৃত্যুর পূর্বে তিনি মুন্সীগঞ্জ বিক্রমপুরের নিজ বাসস্থানে পারিবারিক কবরস্থানে দাফন করার অনুরোধ করে যান। গত ১০ অক্টোবর, ২০০৭ ইসলামিক সেন্টার অব সাউদার্ণ ক্যালিফোর্ণিয়ায় তার জানাজার নামাজ আদায় করা হয়। জানাজায় মুক্তিযোদ্ধাকে শ্রদ্ধা প্রদর্শন করতে বিপুল লোকের সমাগম হয়। সোহেল রহমান বাদলের উদ্যোগে প্রথমবারের মতো একজন প্রবাসী মুক্তিযোদ্ধাকে মর্যাদা সহকারে জানাজা দেওয়ার ব্যবস্থা করে। তার কফিন বাংলাদেশের পতাকা মোড়া ছিলো। ..পৃ.৬

মনিরুল আলমকে সম্মান প্রদর্শনের জন্য কর্ণেল ওমর হুদার পরিচালনায় প্রবাসী মুক্তিযোদ্ধা মনিরুল আলমকে গার্ড অব অনার হিসাবে উপস্থিত সকলে স্যালুট প্রদর্শন করেন। ছবি-একুশ

সাউদার্ণ ক্যালিফোর্ণিয়ায় স্বতঃস্ফূর্ততায় ঈদ উদযাপিত হয়েছে

একুশ রিপোর্ট

সমগ্র সাউদার্ণ ক্যালিফোর্ণিয়ার বিভিন্ন কাউন্টিতে ১৩ অক্টোবর, শনিবার, ২০০৭ স্বতঃস্ফূর্ততায় ঈদ উদযাপিত হয়। এবারের ঈদ উইকেন্ডের মধ্যে পড়াতে সকলের মধ্যে উৎসাহ ও উদ্দীপনার জোয়ার বয়ে যায়। প্রায় দেশীয় স্টাইলে ঈদের আনন্দ উপভোগ করতে দেখা গেছে। চাঁদ রাতের আয়োজন, লোকে লোকারণ্য হয়ে ওঠে শুক্রবার রাতে। জমে উঠে ঈদের আমেজ। মেয়েদের হাতে ফ্রী মেহেদী দেওয়ার ব্যবস্থা ছিলো। নতুন নতুন জামা কাপড়, গহনা কেনার হিড়িক পড়ে যায় রোজার শেষের দিকে। ▶পৃ..৮

স্বাগত নতুন আনন্দ-আয়োজনের প্রবাহ চাঁদ-রাত

আর্টেশিয়ার লিটল ঢাকার চত্বরে জমে উঠেছিলো ঈদ পূর্ববর্তী রাতের নতুন আনন্দ-আয়োজনের প্রবাহ । বিডিস্যাক ও লিটল ঢাকার চাঁদ-রাত আনন্দ-আয়োজন আমাদের প্রবাসের ঈদ আনন্দে এক নতুন ধারার সৃষ্টি করলো। একুশ তারুন্য ও অভিজ্ঞতার সংমিশ্রনের শান্তিপূর্ণ এই নতুন ধারাকে স্বাগত জানাচ্ছে।

লস এঞ্জেলেসের কনভেনশন সেন্টারে প্রধান ঈদের জামাত অনুষ্ঠিত হয়। ছবি-একুশ

বাভলা-কে মুক্তমনে এবং মুক্তহস্তে সাহায্য সহযোগিতা করুন: এনামুল হক এমরান

অভিষেক - ২০০৭ ভ্যালী সমিতির অভিষেক ও ঈদ পূর্ণমিলনী অনুষ্ঠান

নব নির্বাচিত তৃতীয় কার্যনির্বাহী কমিটির শপথ গ্রহণ। ছবি-একুশ

বাংলাদেশ এসোসিয়েশন অব ভ্যালী, লস এঞ্জেলেস

কবিতায়, গানে, নৃত্যে, উল্লাসে উদযাপিত হলো ভ্যালী সমিতির অভিষেক ও ঈদ পূর্ণমিলনী অনুষ্ঠান

ভ্যালীর কেন্দ্রস্থল ভ্যান নাইস-স্থ সিনিয়র সিটিজেনস রিক্রিয়েশন সেন্টারে গত ২০ অক্টোবর, শনিবার, ২০০৭ সন্ধ্যায় অনুষ্ঠিত হয়ে গেল লস এঞ্জেলেস তথা বৃহত্তর ক্যালিফোর্ণিয়ার সবচেয়ে সক্রিয় এবং আলোচিত কমিউনিটি সংগঠন 'বাংলাদেশ এসোসিয়েশন অব ভ্যালী (বাভলা)'-এর নব নির্বাচিত কার্যনির্বাহী কমিটির অভিষেক ও ঈদ পূর্ণমিলনী অনুষ্ঠান।

হেমন্তের হিমেল হাওয়া বইছিলো সারাদিন ব্যাপী। ছিলো ছোটখাটো নানাবিধ বাধা বিপত্তি। তবু এসবের কিছুই দমাতে পারেনি বাভলা-র সর্বস্তরের কর্মতৎপর কর্মকর্তাদেরকে। অনুষ্ঠান শুরুর বেশ কিছুটা আগেই তারা গোটা মিলনায়তনকে সাজিয়ে ফেলেছিলেন মনোরমরুপে। স্টেজে ব্যাকগ্রাউন্ডে ছিলো ছোট অথচ দৃষ্টিনন্দন ব্যানার। স্টেসহ গোটা মিলনায়তনে ছিলো রংবেরংয়ের বেলুনের সমাহার। সদ্য অতীত মাহে রমজানের ধকল, সম্প্রতি ভ্যালীতে ঘটে যাওয়া আলোড়িত সড়ক দুর্ঘটনায় একটি বাংলাদেশী পরিবারে নেমে আসা বিপর্যয় ইত্যাদি নানা কারণে সময়ের সীমাবদ্ধতা হেতু বেশ তাড়াহুড়া করে স্বল্প প্রস্তুতি নিয়েই অনুষ্ঠানটির আয়োজন করতে হয়েছে বলে জানালেন সমিতির এক কর্মকর্তা। তবু গোটা অনুষ্ঠানেই যথেষ্ট আন্তরিকতার ছাপ ছিলো কর্মকর্তাদের। অনুষ্ঠান পরিচালনার সময় নগণ্য কিছু সমন্বয়হীনতা জনিত ত্রুটি-বিচ্যুতি, দু'জন শিল্পীর গানের সময় প্রথমদিকে তাল, লয়জনিত সামান্য সমস্যা বাদ দিলে গোটা অনুষ্ঠানটি ছিলো উপভোগ্য। মিলনায়তন দর্শকে কানায় কানায় পরিপূর্ণ না হলেও ..পৃ..৮

ডঃ জয়নুল আবেদিন এসবিএ'র চেয়ারম্যান হয়েছেন

একুশ ডেস্ক

বাংলাদেশী কমিউনিটির লীডার ডঃ জয়নুল আবেদিন ইউএস স্মল বিজনেস এডমিনিস্ট্রেশন (এসবিএ)-এর নয় নম্বর রিজিয়নের (রেগফেয়ার বোর্ড) চেয়ারম্যান পদে অধিষ্ঠিত হয়েছেন। বুশ এডমিনিস্ট্রেশন কর্তৃক মনোনীত এসবিএ'র চেয়ারম্যান ডঃ জয়নুল আবেদিন জানান, রেগুলেটরী এনফোর্সমেন্ট ফেয়ারনেস প্রোগ্রামের মাধ্যমে সরকার যাতে অনুষ্ঠিত কার্য সম্পাদন না করতে পারে, তার জন্যই রেগুলটরী ফেয়ারনেস বোর্ডে কাজ করেন। তিনি বলেন, আমাদের দেশের যে সকল ক্ষুদ্র ব্যবসায়ী রয়েছেন তাদের যদি আইআরএস সহ ব্যবসায়ে অন্যায়ভাবে অতিরিক্ত চার্জ ধার্য করে থাকে তাদেরকে সহায়তা করতে পারবেন বলে জানান। ডঃ জয়নুল আবেদিন একজন সফল এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ার। তার নিজস্ব কোম্পানী রয়েছে। সামাজিক নেতা হিসাবে ডঃ জয়নুল আবেদিনের যথেষ্ঠ খ্যাতি রয়েছে। তিনি দীর্ঘকাল ধরে রোটারী ইন্টারন্যাশনালের সাথে জড়িত রয়েছেন। তিনি বর্তমানে ডিস্ট্রিক ৫২৬০, গ্লানডেল সানরাইজ রোটারী ক্লাবের প্রেসিডেন্ট। জয়নুল আবেদিন রোটারীর মাধ্যমে বাংলাদেশের মানুষদের জন্য সোনারগাঁ ডিস্ট্রিকের তিন শত (৩০০) টিউবওয়েল প্রজেক্ট সরবরাহ করেছেন এবং স্কুল-সংস্থায় দান করেছেন। তার ইচ্ছা স্বদেশের এবং প্রবাসের গরীব মানুষদের জন্যে সংস্থান করা। লস এঞ্জেলেসে তিনি বাংলাদেশ সোসাইটি অব লস এঞ্জেলেসের চেয়ারম্যান। ইতিপূর্বে তিনি বহু সামাজিক কর্মকান্ডের সাথে জড়িত ছিলেন। ফোবানার সাথে সরাসরি জড়িত রয়েছেন। অতীতে তিনি ফোবানার কনভেনর হয়েছিলেন।

Regional RegFair Boards: ONO's Eyes and Ears Across the United States

The RegFair Boards are made up of volunteers from throughout the country who support ONO and serve as the agency's eyes and ears in their communities.

These 50 volunteer RegFair Board members (five people on 10 boards) are engaged in a variety of professions, from plumbing and tree farming to helicopter tourism and aerospace. They provide a critical voice for small businesses in their regions and communities to ensure that they are fairly regulated. As the grassroots link to small businesses, RegFair Board members establish a bond with small business people and a level of mutual trust because they are themselves small business owners, operators, or officers, which gives them a sense of legitimacy and credibility not usually enjoyed by government representatives.

The role of the Board is to enhance regulatory oversight by serving as a conduit to government agencies that need to improve their enforcement policies and by reporting the results of its efforts annually to Congress.

আস্থার স্থপতি
AMG
আমিন মোহাম্মদ গ্রুপ
গড়ে দেয় ভাবনাহীন নতুন ঠিকানা

বাংলাদেশের বিখ্যাত রিয়েল এস্টেট ব্যবসায়ী প্রতিষ্ঠান আমিন মোহাম্মদ গ্রুপ প্রথমবারের মতো লস এঞ্জেলেসে আসছেন:

আমিন মোহাম্মদ গ্রুপের নিউইয়র্কের রিহ্যাব মেলায় অংশগ্রহণের পর এখন আগামী ২৭-২৯ অক্টোবর পর্যন্ত লস এঞ্জেলেসে তাদের পুরাতন এবং নতুন ক্রেতাদের সাথে মিলিত হবেন। স্বদেশ রেস্টুরেন্টের চত্বরে কর্তৃপক্ষ সবার সাথে মিলিত হবেন। উল্লেখ্য প্লট প্রতি $৫০০ এবং ফ্যাট প্রতি $১০০০ বুকিং দিয়ে আপনিও হতে পারেন ১টি প্লট বা ফ্যাটের গর্বিত মালিক। এই শ্লোগান নিয়ে সাউদার্ণ ক্যালিফোর্ণিয়ায় তাদের প্রথম পদার্পণ। উৎসাহীরা নিম্নের ফোন নাম্বারে কল করতে পারেন।
ফোন ঃ ২১৩-৩৮৬-৭৭৯৩, ২১২-৬৭৬-৯৮৫৬, ৬৪৬-৯৪৪-৭৯৬৮
একুশ-এর মাধ্যমে স্হানীয় কমিউনিটিকে সর্বোত্তম সেবার প্রতিশ্রুতি দিয়েছেন আমিন মোহাম্মদ গ্রুপের কর্ণধার।

একুশ পড়ুন
একুশে বিজ্ঞাপন দিন
একুশ পত্রিকায় লিখুন
Ekush:818-941-3876

স্বর্ণালী দুপুরে রিভারসাইডে আনন্দের হাট: ঈদোত্তর সম্মিলনী - ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের লস এঞ্জেলেসস্থ কনসাল জেনারেল মোঃ আবু জাফর নতুন প্রজন্মদের নিয়ে ঈদোত্তর সম্মিলনী আয়োজন করায় সাধুবাদ জানান। ছবি-একুশ

নিজস্ব সংবাদদাতা:
ঈদ মানে আনন্দ, ঈদ মানে খুশী আর ভালোবাসার ছোঁয়া নিয়ে এক স্বর্ণালী দুপুরে রিভারসাইডে হান্ট পার্ক কমিউনিটি সেন্টারে এক ঝাঁক চঞ্চল মনের অধিকারীনি লতিফা খান শিউলী, তাহমিনা হোসেন, রেহানা সুলতানা, রীনা তুফান, তাবেন্দার বিন্দু আয়োজন করে ঈদোত্তর সম্মিলনী ২০০৭। অন্যান্যদের মধ্যে সহযোগিতায় ছিলেন ডঃ মণিকা মুস্তাফা, ফোয়ারা, নাসিমা আসাদ, পন্নি ইসলাম, তানজিদা রহমান, আয়শা সালাউদ্দিন, শারমিন রহমান বকুল, রুহি হাসান, সুলতানা সাফারিন।

গত ২০ অক্টোবর, শনিবার, ২০০৭-এ যেনো আনন্দের হাট বসেছিলো। সত্যিকার আনন্দ উপভোগের জন্য যা যা প্রয়োজন তার কোনই কমতি ছিলো না। সেই সুজন সখী (রেহানা ও লিটন) থেকে বর্তমানের কৃষ্ণ রাধার কুঞ্জ (স্যাম, মনিকা নাফিউ) স্থানীয় শিল্পী ও ব্যান্ডের সাথে রুনু, তুফান এবং লস এঞ্জেলেস থেকে বাংলা পাঠশালার পক্ষ থেকে বিপাশা ও বিজয়া এই আনন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করে।

রিভারসাইড ঈদ রি-ইউনিয়ন গ্রুপ ২০০৭-এর পক্ষ থেকে একুশ পত্রিকাকে কমিউনিটির উন্নয়নে অসামান্য অবদানের জন্যে সম্মামনা পদক ও সার্টিফিকেট প্রদান করে। স্থানীয় মতামত পত্রিকাকেও পদক ও সার্টিফিকেট প্রদান করা হয়। সমগ্র অনুষ্ঠানটি সুন্দরভাবে পরিচালনা করেন মেটলাইফের এজেন্সী সেলস ডিরেক্টর শহিদুল ইসলাম রনি এবং তাকে সহযোগিতা করেন নিনা দাদাভাই। কোরআন তেলাওয়াত করে এলভি আহমেদ। তারপর পরিবেশিত হয় পর্যায়ক্রমে ইউএস ও বাংলাদেশের জাতীয় সংগীত। এরপর সমবেত কণ্ঠে ঈদ আগমনী সংগীত দিয়ে ঈদোত্তর পূর্ণমিলনী ২০০৭-কে বরণ করে নেওয়া হয়। তারপর নৃত্যে আসে মনিকা। এরপর সংগীত পরিবেশন করে লীনা ও সাবরীনা। নাজমুল হুদা (স্যাম) ও নাফিউ মনিকার 'কৃষ্ণ' গানের সাথে সাথে দর্শককূল আনন্দে মেতে উঠে। ডাস্তান ব্যান্ডের গান নতুন প্রজন্মকে আনন্দ দেয়। মুস্তাফিজুর রহমান তুফানের দেত্মবোধক গান সবাইকে দেশ মাতৃকার ভালোবাসায় আপ্লুত করে দেয়।

অনুষ্ঠান পরিচালনা করেন শহিদুল ইসলাম রনি, পিছনে মিউজিক,সাউন্ড ও লাইট কো-অর্ডিনেটর আলী আশরাফ রুনু । ছবি-একুশ

আয়োজনকারীদের সমবেত সংগীত এবং তুফানের নিজস্ব লেখা ও সুর নিয়ে হাইকোর্টের মাজারের উপর লেখা গান দিয়ে আনন্দঘন এই ঈদ পূর্ণমিলনী অনুষ্ঠানের শেষ হয়।

আমন্ত্রিত অতিথিদের শুভেচ্ছা জানচ্ছেন লতিফা খান শিউলী। ছবি-একুশ

অনুষ্ঠানের শুরুতে রোড রেইসে নিহত আইমান আরিফের স্মরণে শোক প্রকাশ করা হয়। একুশ উত্থাপিত রোড রেইসে নিহত আইমান আরিফের স্মরণে রোড রেইসের উপর কঠোর শাস্তি বিধানের জন্যে আইমান'স ল' নামে একটি আইন তৈরী করার উপর জন সমর্থন আয়োজনের উদ্দেশ্যে একুশ-এর প্রধান সম্পাদক ও পাবলিশার জাহান হাসান একুশ-এর পক্ষ থেকে উপস্থিত দর্শক শ্রোতামন্ডলীর কাছে আবেদন জানান। ▶পৃ..৯